Bengali 2009
Multi-drug Resistant
Tuberculosis (MDR TB)

রোগীদের জন্য তথ্যাবলি

যদি আপনার বহু-ঔষধ প্রতিরোধী যক্ষা থাকে এবং এটি সম্পর্কে এমন কারো কাছ থেকে আরো জানতে চান যার এই রোগটি ছিল, তাহলে পল মেহো-এর লেখা "The Tuberculosis Survival Handbook" নামক একটি বই (দ্বিতীয় সংস্করণ) আছে। এই বইটির দাম £14.95 এবং পাওয়া যাবে স্থানীয় বইয়ের দোকানগুলোতে, গ্যাজেলা বুক সার্ভিসেস ও www.amazon.co.uk, অথবা সরাসরি প্রকাশকের কাছ থেকে, Merit Publishing International ওয়েবসাইটে www.meritpublishing.com অথবা merituk@aol.com. ঠিকানায় ইমেইল করে। বইটি অর্ডার দেয়ার জন্য রেফারেন্স নম্বর হচ্ছেঃ ISBN 1 873413 14 9.

নোটঃ



আপনার পরিবার ও বন্ধুদেরকে যক্ষা থেকে সুরক্ষিত রাখুন-যক্ষার সব ঔষধ সেবন করুন

**মনে রাখবেন** আপনার পুরো চিকিৎসাকালীন সময়ে আপনাকে সাহায্য করা ও পরামর্শ দেয়ার জন্য এখানে যক্ষার নার্স রয়েছেন। যদি আপনি আপনার চিকিৎসায় অসুস্থ বোধ করেন অথবা আপনার ঔষধ সম্পর্কিত কোনো বিষয়ে যদি আপনি নিশ্চিত না হন তাহলে অনুগ্রহ করে আপনার টিবি (যক্ষা) নার্সের সাথে যোগাযোগ করুন।

আপনার যক্ষার নার্স হচ্ছেনঃ

আপনার হাসপাতালের ডাক্তার হচ্ছেনঃ

যোগাযোগের নম্বরঃ

ই-মেইলঃ

**TB Alert (যক্ষা সতর্কীকরণ)** হচ্ছে একটি অনন্য দাতব্য কর্মসূচি, যা যুক্তরাজ্যে যক্ষা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করে এবং রোগীদেরকে তথ্য প্রদানের মাধ্যমে এনএইচএস-এর কাজে সহায়তা প্রদান করে। সকল রোগী যাতে যথাযথ চিকিৎসা লাভ করতে পারেন তা নিশ্চিত করার জন্য আমরা উন্নয়নশীল দেশগুলোতে বিভিন্ন প্রকল্পে সহায়তা প্রদান করি। আপনাদের সহায়তায় আমরা যক্ষার প্রভাবের উপর বিশ্বব্যাপী একটি ইতিবাচক প্রভাব রাখতে পারি এবং আরো বেশি জীবন রক্ষা করতে পারি।


**TB Alert,**
Community Base,
113 Queens Road,
Brighton BN1 3XG
ফোনঃ 01273 234030


আরো তথ্যের জন্য অথবা এই লিফলেটের কপির জন্য, অনুগ্রহ করে 01273 234 770 নম্বরে যোগাযোগ করুন (শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে)।

**TB Alert** সাহায্য করতে দান করার জন্য অথবা স্বেচ্ছাসেবা প্রদানের জন্য, অনুগ্রহ করে 01273 234 784 নম্বরে যোগাযোগ করুন (শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে)।

অথবা www.tbalert.org ঠিকানায় আমাদের ওয়েবসাইটে যান


যক্ষার চিকিৎসা সম্পর্কে এই লিফলেটে তথ্য প্রদানের মাধ্যমে আপনার নার্স/ডাক্তার বা স্বাস্থ্যসেবা প্রদানকারী অন্য পেশাজীবীদের জ্ঞান, অভিজ্ঞতা, দক্ষতা ও মূল্যায়নের বিকল্প প্রদান করা এর উদ্দেশ্য নয়। এই লিফলেটে প্রদত্ত কোনো তথ্য যক্ষার চিকিৎসার কাজে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে ব্যবহার করা এর উদ্দেশ্য নয়। আপনার চিকিৎসা সম্পর্কিত যে কোনো প্রশ্ন বা উদ্বেগ স্বাস্থ্যসেবা প্রদানকারী পেশাজীবীকে অবহিত করা উচিত।


মূল উন্নয়ন কাজটি করেছে নর্থ ওয়েস্ট লন্ডন টিবি নেটওয়ার্ক

সীমিত গ্যারান্টি সহ একটি কোম্পানি ইংল্যান্ডে নিবন্ধন নং: 3606528 নিবন্ধিত দাতব্য প্রতিষ্ঠান নং: 1071886 ডিজাইন: **worksong**, london 020 8352 8300


for a future without tuberculosis

# বহু-ঔষধ প্রতিরোধী যক্ষা (মাল্টি-ড্রাগ রেসিস্ট্যান্ট, এমডিআর টিবি)




NHS

## যক্ষা কী?

যক্ষা (টিবি) একটি ব্যাকটেরিয়াঘটিত সংক্রমণ, যা অধিকাংশ ক্ষেত্রে ফুসফুসে পাওয়া যায় কিন্তু এটি দেহের যে কোনো অংশকে আক্রান্ত করতে পারে যেমন মস্তিষ্ক, লসিকা গ্রন্থি, কিডনি ও হাড়।

## কীভাবে যক্ষা ধরা পড়ে?

ফুসফুসের সংক্রামক যক্ষায় আক্রান্ত কেউ কাশি দিলে, জীবাণুগুলো বাতাসে ক্ষুদ্র বিন্দুর আকারে ছড়িয়ে পড়তে পারে এবং অন্যরা সেগুলো নিঃশ্বাসের সাথে গ্রহণ করতে পারে। সেই সব ব্যক্তিদের যক্ষায় আক্রান্ত হওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি থাকে যারা যক্ষা রোগীর সাথে একই বাড়ি বা ফ্ল্যাটে বসবাস করেন।

## আমি কী সংক্রামক?

যক্ষায় আক্রান্ত সবাই সংক্রামক নন। আপনি সংক্রামক হবেন শুধুমাত্র যদি আপনার ফুসফুস বা গলায় যক্ষা থাকে এবং আপনি কাশির সাথে যক্ষার জীবাণু ছড়ান (একে বলা হয় স্মিয়ার পজেটিভ)। গলা বা ফুসফুস ছাড়া আপনার দেহের অন্য কোনো অংশে যক্ষা থাকলে আপনি অন্যদের জন্য সংক্রামক হবেন না। আপনার ডাক্তার/নার্স আপনাকে আরো তথ্য দিতে পারবেন।

## বহু-ঔষধ প্রতিরোধী যক্ষা (মাল্টি-ড্রাগ রেসিস্ট্যান্স, এমডিআর টিবি) কী?

সাধারণভাবে যক্ষার চিকিৎসায় ব্যবহৃত দুইটি সবচেয়ে শক্তিশালী ঔষধের বিরুদ্ধে যক্ষার জীবাণু প্রতিরোধক্ষমতাসম্পন্ন হয়ে উঠলে এমডিআর টিবি তৈরি হয়। এর অর্থ হচ্ছে এই ঔষধগুলো কার্যকরভাবে কাজ করবে না কারণ এগুলো আর এই যক্ষার ব্যাকটেরিয়াগুলোকে মারতে পারবে না।

## আপনারা কখন সন্দেহ করেন যে কারো এমডিআর যক্ষা হয়েছে?

পরীক্ষাগারে যক্ষার জীবাণুসহ নমুনা নিয়ে পরীক্ষা করে দেখা যেতে পারে যে সেগুলোকে ভিন্ন ভিন্ন ঔষধ দিয়ে মারা যায় কিনা। যদি মারা না যায়, তাহলে যক্ষার সাধারণ ঔষধ দিয়ে রোগী ভালো না হওয়ার সম্ভাবনা থাকবে এবং এটি এমডিআর যক্ষা নির্দেশ করতে পারে।

## কেন মানুষ এমডিআর যক্ষায় আক্রান্ত হয়?

১. চিকিৎসার সময় যক্ষা প্রতিরোধক্ষমতাসম্পন্ন হয়ে উঠতে পারে যদি কোনো কারণে গৃহীত চিকিৎসা অপর্যাপ্ত হয়, উদাহরণস্বরূপঃ

- রোগী যদি প্রেসক্রিপশন অনুযায়ী নিয়মিতভাবে ঔষধ না খায় অথবা চিকিৎসার সম্পূর্ণ কোর্স সম্পন্ন না করে।
- যদি রোগী সম্পূর্ণভাবে ঔষধ হজম করতে না পারে, উদাহরণস্বরূপ, বমির কারণে।
- যদি সঠিকভাবে ঔষধের জন্য প্রেসক্রিপশন দেয়া না হয় বা সঠিকভাবে প্রদান করা না হয়।
- যদি ঔষধের মান ভালো না হয়।

২. শুরু থেকেই যক্ষা প্রতিরোধক্ষমতাসম্পন্ন হতে পারে যদি যে ব্যক্তির কাছ থেকে যক্ষা সংক্রমিত হয়েছিল তিনি ঔষধ প্রতিরোধী যক্ষায় আক্রান্ত হয়ে থাকেন।

এমডিআর যক্ষা সাধারণ যক্ষার তুলনায় বেশি সংক্রামক নয় কিন্তু এর বিরুদ্ধে ব্যবহৃত ঔষধ কম কার্যকর এবং অনেক বেশি সময় ধরে ঔষধ খেতে হয়। সুতরাং সাধারণ ঔষধের প্রতি সংবেদী যক্ষায় (ঔষধ সংবেদী যক্ষা) আক্রান্ত ব্যক্তির তুলনায় এমডিআর যক্ষায় আক্রান্ত একজন ব্যক্তি অনেক বেশি সময় ধরে সংক্রামক থাকেন।

## কেন এমডিআর একটি সমস্যা?

ঔষধের প্রতি সংবেদনশীল যক্ষার তুলনায় এমডিআর যক্ষা বেশি সংক্রামক নয় কিন্তু এর চিকিৎসা করা অনেক বেশি কঠিন।

ঔষধের প্রতি প্রতিরোধক্ষমতাসম্পন্ন যক্ষার চিকিৎসায় ব্যবহৃত ঔষধের পার্শ্বপ্রতিক্রিয়া অনেক বেশি থাকে এবং ঔষধের প্রতি সংবেদনশীল যক্ষার চিকিৎসায় ব্যবহৃত ঔষধের তুলনায় কম কার্যকর হয়। এর অর্থ হচ্ছে এমডিআর যক্ষায় আক্রান্ত রোগীর দীর্ঘ সময়ের জন্য চিকিৎসার প্রয়োজন হয় এবং আরো বেশি অসুস্থ হতে পারে। চিকিৎসার জন্য হাসপাতালে ভর্তি হওয়ার সম্ভাবনাও তাদের বেশি থাকে।

## আমি কী পরিমাণ সময়ের জন্য সংক্রামক থাকবো?

এটি নির্ভর করে আপনাকে যে ঔষধ দিয়ে চিকিৎসা করা হবে সেটির প্রতি আপনি কেমন প্রতিক্রিয়া দেখান, এবং এমডিআর যক্ষার প্রতিটি ঘটনাই ভিন্ন।

যেহেতু যক্ষাটি সাধারণ ঔষধের প্রতি প্রতিরোধক্ষমতাসম্পন্ন তাই আপনি কয়েক সপ্তাহ বা এমনকি কয়েক মাস ধরে সংক্রামক থাকতে পারেন।

## আমাকে কত দীর্ঘ সময় ধরে চিকিৎসা নিতে হবে?

ঔষধের প্রতি সংবেদনশীল যক্ষার ঔষধের একটি কোর্স কমপক্ষে ছয় মাস ধরে চালিয়ে যেতে হয়। এমডিআর যক্ষার চিকিৎসা আঠারো মাস বা তারচেয়েও বেশি সময় ধরে চালিয়ে যেতে হয়।